

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬০১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৯. বসা অবস্থায় ইমামতি করা

باب الإِمَام يُصلِّي مِنْ قُعُودٍ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكِ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم رَكِبَ فَرَسًا فَصُرِعَ عَنْهُ فَجُحِشَ شِقُّهُ الأَيْمَنُ فَصِلَّى صَلَاةً مِنَ الصَّلُواتِ عَلْهُ وَهُو قَاعِدٌ وَصِلَّيْنَا وَرَاءَهُ قُعُودًا فَلَمَّا انْصِرَفَ قَالَ " إِنَّمَا جُعِلَ الإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا صَلَّى قَائِمًا فَصِلُوا قِيَامًا وَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَإِذَا رَفَعَ فَارْفَعُوا وَإِذَا قَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا رَبَّنَا وَلَكَ الْحَمْدُ وَإِذَا صَلَّى جَالِسًا فَصِلُوا جُلُوسًا أَجْمَعُونَ ".

صحيح: ق

বাংলা

৬০১। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘোড়ায় সওয়ার হন এবং ঘোড়ার পিঠ থেকে নিচে পড়ে গিয়ে তিনি ডান পাঁজরে ব্যথা পান। ফলশ্রুতিতে তিনি কোন এক ওয়াক্তের সালাত বসে আদায় করেন। আমরাও তাঁর পেছনে বসে সালাত আদায় করলাম। সালাত শেষে তিনি বললেনঃ ইমাম এজন্যই নিয়োগ করা হয়, যেন তার অনুসরণ করা হয়। ইমাম দাঁড়িয়ে সালাত আদায় করলে তোমরাও তখন দাঁড়িয়ে সালাত আদায় করবে। ইমাম রুকু' করলে তখন তোমরাও রুকু' করবে। ইমাম মাথা উঠালে তোমরাও তখন মাথা উঠাবে। আর ইমাম 'সামিআল্লাহু লিমান হামিদাহ'' বললে তোমরা বলবে, ''রব্বানা লাকাল হামদ''। আর ইমাম বসে সালাত আদায় করলে তোমরা সকলেই বসে সালাত আদায় করবে। [1]

সহীহ: বুখারী ও মুসলিম।

English

Anas b. Malik said; The Messenger of Allah (ﷺ) rode a horse and was thrown



off it and his right was grazed. He then prayed one of the prayers sitting and we prayed one of the prayers sitting, and when he finished he said: the Imam is appointed only to be followed; so when he prays standing, pray standing, and when he bows, bow; when he raises himself, raise yourselves; when he says "Allah listen to him who praises Him", "Our Lord! to Thee be the praise": and when he prays sitting all of you pray sitting.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ সালাত, ছাদে সালাত আদায়, হাঃ ৩৭৮) মুসলিম (অধ্যায়ঃ সালাত) সুফয়ান সূত্রে যুহরী থেকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন